ঝিনাইদহে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

নড়াইল আদালতে তারেক রহমানের নামে সাজার প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে শুক্রবার সকালে শহরের আরাপপুর এলাকা থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম শফি, সিনিয়র যুগ্ম সম্পাদক রিন্টু মুন্সী, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম, সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক মশিউর রহমান, জেলা শাখার অর্থ সম্পাদক ফারুক হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহম্মেদ রাজিব, মৎস্যজীবি দলের আহ্বায়ক মুস্তাফিজুর রহমান খোকন, স্বেচ্ছাসেবক দল নেতা উজ্জল হোসেন, আনোয়ার হোসেনসহ জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।

এসময় বক্তারা, নড়াইল আদালতে তারেক রহমানের সাজা দেওয়ার প্রতিবাদ জানিয়ে তা বাতিল করার দাবি জানান।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁতীদের জন্য কাজ করেছিলেন-আতাউর রহমান আতা

কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁতীদের জন্য কাজ করেছিলেন। তাঁতীদের ভাগ্যোন্নয়নে তাঁতী সমিতি গঠন করেছিলো।

শুক্রবার বিকেলে কুষ্টিয়া সদর উপজেলার উজানগ্রাম আলিম মাদরাসা

প্রাঙ্গণে তাঁতী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আওয়ামী লীগ সরকার মানুষের উন্নয়নে রাজনীতি করে। তাই যেখানে মানুষের ভাগ্যের উন্নয়ন হবে সরকার সেখানেই কাজ করবে। তাঁতী সম্প্রদায়ের জন্য কাজ করতে হবে। আর এই তাঁতের তৈরি কাপড়ের ঐতিহ্য ফিরিয়ে আনতে বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপির মাধ্যমে তাঁতীদের সর্বাত্মক সহায়তা প্রদান করা হবে বলেও জানান তিনি। এছাড়াও এই কুষ্টিয়ার উন্নয়নে দলমত নির্বিশেষে আওয়ামী লীগের হাতকে শক্তিশালী করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান তিনি।

বর্তমান সরকার উন্নয়নের সরকার উল্লেখ করে তিনি বলেন, মাটি ও মানুষের হাহাকার থেকে উদ্ধার করতেই বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের হাল ধরেছিলেন। তিনি এ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। যা বিগত আমলে কোন সরকার করেনি।

বিএনপি মানুষের সাথে ছলনাময়ী করেছে বলে উল্লেখ করে তিনি বলেন, গেলো পৌরসভার নির্বাচনে বিএনপি প্রার্থী কেউ মেয়র হতে পারেনি। জনগন তাদের কে ভোট দেয়নি। আওয়ামী লীগের নেতৃত্বকে সমর্থন দিয়ে যাচ্ছেন। এভাবেই এলাকার অসমাপ্ত উন্নয়ন কাজগুলো সম্পন্ন করা হবে বলেও জানান তিনি।

সমাবেশে প্রধান বক্তার বক্তব্যে বাংলাদেশ তাতীলীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু বলেন, দেশের মধ্যে আধুনিক শহরে রুপান্তরিত হয়েছে এই কুষ্টিয়া। জেলার উন্নয়ন কর্মকান্ডগুলো যতদিন থাকবে ততদিনে ততদিন এই কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব উল আলম হানিফ এমপি কে মনে রাখবে জেলাবাসী।

আদর্শের নেতা ছিলেন বঙ্গবন্ধু উল্লেখ করে তিনি বলেন, সোনার বাংলা গড়ে তোলার স্বপ্ন ছিলো বঙ্গবন্ধুর। তার মতো ক্ষণজন্মা পুরুষ যুগে যুগে ছিলো আছে এবং থাকবে। বাংলাদেশকে দমায়ে রাখার কোন সুযোগ নেই। রোল মডেলে পরিণত হয়েছে এই বাংলাদেশ। তাঁতী সম্প্রদায়ের হারানো সেই গৌরব ফিরিয়ে আনতে বর্তমান সরকার কাজ করছে বলেও জানান তিনি।

জেলা তাঁতী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হাফিজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক হারুন অর রশীদ, সিনিয়র সহসভাপতি সরোয়ার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন,

সদর উপজেলা তাঁতী লীগের আহবায়ক আক্কাস আলী, জেলা পরিষদের সদস্য অধ্যাপক এমএ মজিদ, জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিক, উজানগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন মোল্লা, সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, উজানগ্রাম আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রহমান প্রমুখ।

সমাবেশে তাতীলীগ, ছাত্র লীগ ও আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ও তাতী সম্প্রদায়ের মানুষজন উপস্থিত ছিলেন।
এরআগে অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করে নেয় তাঁতীলীগ নেতৃবৃন্দ।

কৃষি ও কৃষক এগিয়ে গেলে বাংলাদেশ এগিয়ে যাবে-এমপি খোকন

কৃষি ও কৃষক যদি এগিয়ে যায় তাহলে বাংলাদেশ এগিয়ে যাবে বলে মন্তব্য করেছেন মেহেরপুরের গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

শুক্রবার সকাল ১১ টায় চোঁখতোলা মাঠে চলতি বছরে বরো ধান রোপন দেখতে গিয়ে কৃষকদের সাথে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহার করার কারণে ফসল উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া কৃষকের সন্তানদের পড়ালেখা করে মানুষের মত মানুষ করে সম্পদে রুপান্ত্রিত করতে হবে।

তিনি আরো বলেন, কৃষকে সামনের দিকে এগিয়ে নিতে তার সব ভাবনা উল্লেখ করে তিনি বলেন, আমি কৃষকের সন্তান কৃষকের কথাই বলছি কৃষকের সাথেই চলছি। কৃষি ও কৃষকের ভাগ্য উন্নয়নে কাজ করছে সরকার। এসময় কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

সাবেক এমপি হাবিবসহ ৫০ জনের কারাদন্ড

দীর্ঘ ১৯ বছর পর সাতক্ষীরার কলারোয়ায় তৎকালীন বিরোধী দলীয় নেতা ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার গাড়ি বহরে হামলা মামলার রায় ঘোষণা করেছেন আদালত। রায়ে সাতক্ষীরা-১ আসনের সাবেক এমপি হাবিবুল ইসলাম হাবিবসহ তিন জনকে ১০ বছরের কারাদন্ড দিয়েছেন আদালত। ১০ বছরের সাজাপ্রাপ্ত অপর দুজন হলেন ৪ নম্বর পলাতক আসামি মো. আরিফুর রহমান ওরফে রঞ্জু এবং রিপন। এছাড়া পলাতক আসামি যুবদল নেতা আব্দুল কাদের বাচ্চুকে ৯ বছরের কারাদন্ড দিয়েছেন আদালত। বাকি ৪৬ জন আসামির ৪ বছর থেকে শুরু করে বিভিন্ন মেয়াদে সাজা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (৪ ফেব্রুয়ারি) আলোচিত এ মামলায় জেল হাজতে থাকা ৩৪ জন আসামির উপস্থিতিতে রায় ঘোষণা করেন সাতক্ষীরার মুখ্য বিচারিক হাকিম মো. হুমায়ুন কবীর।
মামলার বিবরণ থেকে জানা যায়, ধর্ষণের শিকার এক মুক্তিযোদ্ধার স্ত্রীকে দেখতে ২০০২ সালের ৩০ আগস্ট সাতক্ষীরার কলারোয়ায় যান আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। সড়ক পথে ঢাকায় ফেরার পথে সাতক্ষীরার কলারোয়া উপজেলা বিএনপি অফিসের সামনে শেখ হাসিনার গাড়িবহরে হামলার ঘটনা ঘটে। শেখ হাসিনাকে লক্ষ্য করে গুলি ছোড়া হয়। বোমা বিস্ফোরণ ও গাড়ি ভাঙচুরের ঘটনাও ঘটে।

এরপর হাইকোর্টে আবেদন করে ২০১৪ সালে মামলা দায়ের করা হয়। ২০১৫ সালে এ ঘটনায় আদালতে চার্জশিট দেওয়া হয়। এর মধ্যে হত্যাচেষ্টা মামলায় এক আসামি রকিব ওরফে রাকিবুর রহমানের বয়স ঘটনার সময় ১০ বছর ছিল উল্লেখ করে হাইকোর্টে মামলা বাতিলে আবেদন করা হয়। ২০১৭ সালের ২৩ আগস্ট ওই আবেদন হাইকোর্ট স্থগিতাদেশ দিয়ে রুল জারি করেন। এ রুলের ওপর শুনানি শেষে ৮ অক্টোবর রুলটি খারিজ করে রায় দেন হাইকোর্ট। এরপর হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে আপিল করে আসামিপক্ষ।

সবশেষ গত বছরের ২৪ নভেম্বর দায়ের করা মামলা বাতিল চেয়ে এক আসামি আবেদন করলে আপিল বিভাগ তা খারিজ করে দেন। ফলে বিচারিক আদালতে এ

মামলা চলতে আর কোনও বাধা নেই বলে জানিয়েছিলেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল এসএম মুনির।

গত ২৭ জানুয়ারি যুক্তিতর্ক শেষে কাঠগড়ায় থাকা ৩৪ জনকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দিয়ে ৪ ফেব্রুয়ারি রায়ের জন্য দিন ধার্য করেন মুখ্য বিচারিক হাকিম মো. হুমায়ুন কবীর। মামলায় ১৬ জন আসামি পলাতক রয়েছেন।

সাজাপ্রাপ্ত অপর আসামিরা হলেন আশরাফ হোসেন, নজরুল ইসলাম, মো. আব্দুর রাজ্জাক, শেখ তামিম আজাদ মেরিন, মো. আব্দুর রকিব মোল্যা, মো. আক্তারুল ইসলাম, মো. আব্দুল মজিদ, মো. হাসান আলী, ময়না, মো. আব্দুস সাত্তার, তোফাজ্জেল হোসেন সেন্টু, মো. জহুরুল ইসলাম, গোলাম রসুল, অ্যাড. মো. আব্দুস সাত্তার, আব্দুস সামাদ, মো. আলতাফ হোসেন, শাহাবুদ্দিন, মো. সাহেব আলী, সিরাজুল ইসলাম, রকিব, ট্রলি শহীদুল, মো. মনিরুল ইসলাম, শেখ কামরুল ইসলাম, ইয়াছিন আলী, শেলী, শাহিনুর রহমান, দিদার মোড়ল, সোহাগ হোসেন, মাহাফুজুর মোল্লা, আব্দুল গফফার গাজী, রিঙ্কু, অ্যাড. মো. আব্দুস সামাদ, টাইগার খোকন ওরফে বেড়ে খোকন।

সাজাপ্রাপ্ত পলাতক অপর আসামিরা হলেন, আব্দুল কাদের বাচ্চু, মফিজুল ইসলাম, মো. আলাউদ্দিন, খালেদ মঞ্জুর রোমেল, ইয়াছিন আলী, রবিউল ইসলাম, মাজাহারুল ইসলাম, আব্দুল খালেক, আব্দুর রব, সঞ্জু, নাজমুল হোসেন, জাবিদ রায়হান লাকী, কনক, মো. মাহাফুজুর রহমান।

আসামি পক্ষের আইনজীবী শাহানারা পারভিন বকুল বলেন, ‘আমরা ন্যায়বিচার পাইনি। এই রায়ে সন্তুষ্ট হবো কিভাবে? আমরা উচ্চ আদালতে যাবো। আশাকরি উচ্চ আদালত আমাদের ন্যায়বিচার দেবেন। ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার জন্য সবাই উৎসাহ দেখিয়েছেন। কেউ এমপি হবেন, কেউ মেয়র হবেন, কেউ চাকরিতে প্রোমোশন নেবেন, এই হচ্ছে মামলার ঘটনা।’

তিনি আরও বলেন, ঘটনার পরদিন ৩১ জানুয়ারি কোনও পত্রিকায় হাবিবুল ইসলাম হাবিবের ছবি আসেনি, নাম তো আসেইনি। সে যদি ঘটনাস্থলে থাকতো, তাহলে অবশ্যই ছবি আসতো। ছবি এবং নাম কোনোটাই আসেনি। তারমানে এই ঘটনায় তার কোনও সংশ্লিষ্টতা নেই। তারপরও সাজা দেওয়া হয়েছে।

তবে রাষ্ট্রপক্ষের আইনজীবী অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল এস এম মুনির বলেন, ঘটনার দিন বিএনপির সাবেক সংসদ সদস্য হাবিবুল ইসলাম

হাবিবের পরামর্শে ও নির্দেশে প্রায় চার-পাঁচশ’ নেতাকর্মী ও বিএনপির সন্ত্রাসীরা হামলা চালিয়েছিল। এই হামলার বিচার শুরু হয়েছিল, আজকে রায়ের মাধ্যমে তার পরিসমাপ্তি ঘটলো। সাতক্ষীরার জনগণ কলঙ্কমুক্ত হলো।

আজকের রায়ে হাবিবুল ইসলাম হাবিব, আরিফ এবং রিপন এই তিন জনকে ১০ বছর পর্যন্ত সাজা দেওয়া হয়েছে। বাচ্চু এবং রঞ্জুকে ৯ বছর করে সাজা দিয়েছেন আদালত। সর্বনিম্ন সাড়ে চার বছর সাজা দেওয়া হয়েছে। এবং অন্যদের বিভিন্ন মেয়াদে কারাদন্ড দেওয়া হয়েছে। কাউকে খালাস দেওয়া হয়নি।

এই রায়ে আপনার খুশি কিনা জানতে চাইলে তিনি বলেন, রায়ে সরকার খুব একটা খুশি না। তবে রায়ের বিস্তারিত দেখার পর আমরা চিন্তা করবো রায়ের পর আমাদের কিছু করার আছে কিনা। যদি কিছু করার থাকে, অবশ্যই হাইকোর্টে আমরা আপিল করবো। এই মামলায় সর্বোচ্চ সাজা ১০ বছর পর্যন্ত ছিল, অন্যান্য সেকশনে টোটাল সাজা প্রায় ২৬ পর্যন্ত হতে পারতো। কিন্তু এখানে দেখা যাচ্ছে সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত সাজা হয়েছে। উচ্চ আদালতে যাবো কি, যাবো না তা রায়ের কপি না দেখে আমরা সিদ্ধান্ত নিতে পারছিনা। আলোচনা ও পর্যালোচনার পর সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান তিনি।

এদিকে রায়ের পর সন্তোষ প্রকাশ করেছেন স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীরা। রায়কে স্বাগত জানিয়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. নজরুল ইসলামের নেতৃত্বে শহরে মিছিল বের করা হয়। এতে মূল দল ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

আলমডাঙ্গায় করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম সম্পাদনের লক্ষে মতবিনিময় সভা

আলমডাঙ্গায় করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা ভ্যাকসিন প্রদান সহায়ক কমিটির আয়োজনে গত বুধবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলীর সভাপতিত্বে ভ্যাকসিন প্রদান সম্পর্কে পরামর্শমূলক বক্তব্য রাখেন কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান আইয়ুব হোসেন।

সরকারি নির্দেশনাসহ অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন কারা পাবে এবং তাদের করণীয় সম্পর্কে বিস্তারিত বক্তব্য রাখেন ভ্যাকসিন প্রদান সহায়ক কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. হাদী জিয়াউদ্দিন আহমেদ সাঈদ।

সদস্য সচিব বলেন, আলমডাঙ্গায় প্রাথমিকভাবে প্রায় ১১ হাজার ৩শ ভ্যাকসিন এসেছে। তবে সরকারের নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ মোকাবেলায় সম্মুখ সারির যোদ্ধারাই আগে পাবেন।

তিনি জানান, প্রথমে স্বাস্থ্য বিভাগের সকল স্বাস্থ্যকর্মী, চাকুরীজীবী, পুলিশ, বিজিবি, সেনাবাহিনী, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক ভ্যাকসিন পাবেন। তবে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। রেজিস্ট্রেশন ছাড়া ভ্যাকসিন দেওয়া হবেনা বলে জানান তিনি। ক্রমান্বয়ে সবাই ভ্যাকসিন পাবে বলে তিনি উল্লেখ করেন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাসানুজ্জামান খান, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, সমাজসেবা অফিসার আফাজ উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার সামসুজ্জোহা, কাজী মাওলানা ওমর ফারুক, আনসার ও ভিডিপি অফিসার সাইদুর রহমান।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গার মাধবপুরে স্টেয়ারিং গাড়ির ধাক্কায় খাদিজা খাতুন (৪) বছরের শিশুর করুণ মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে শিশুটির মৃত্যু হয়।

খাদিজা রাস্তা পার হওয়ার সময় রাস্তার দু-দিক থেকে আসা গাড়ির মুখোমুখি হলে বাড়ির দিকে দৌড় দেয়। এ সময় খাদিজার সাথে স্ট্রেয়ারিং গাড়িতে ধাক্কা লাগে।

এতে তার মাথায় ও বুকে গুরুত্বর আঘাত হয়। পরিবারের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক খাদিজাকে মৃত ঘোষণা করে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে শিশু খাদিজার ১ম জানাজা মাধবপুর প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। পরর্বতীতে বিকালে তার পিতার বাড়ি হালসায় ২য় জানাজার নামাজ শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

গাংনীতে কোভিড-১৯ এর ভ্যাকসিন এসে পৌঁছিয়েছে

গাংনীতে দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে কোভিড-১৯ ভ্যাকসিন (করোনা প্রতিষেধক) এসে পৌঁছিয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার সময় মেহেরপুর সিভিল সার্জন অফিস থেকে শীতাতাপ নিয়ন্ত্রিত মাইক্রোযোগে এই ভ্যাকসিন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে পৌঁছায় ।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. রিয়াজুল আলমের নেতৃত্বে একটি মেডিকেল টিম ভ্যাকসিন গ্রহণ করে।

এ সময় উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নূর-ই-আলম সিদ্দিকী, গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান, গাংনীর মেডিকেল অফিসার ডা. খোকন রেজা, ইপিআই টেকনিক্যাল অফিসার আব্দুর রশিদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অফিস সহকারী আসাদুল ইসলাম লিটন প্রমুখ।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রিয়াজুল আলম জানান, গাংনীতে ৫৪৮ টি ভ্যাকসিন পাওয়া গেছে। অনলাইনে

আবেদনকৃত ব্যক্তিদের অগ্রাধিকার ভিত্তিতে ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হবে। ৪ সপ্তাহ পরে আবারও ২য় ডোজ ভ্যাকসিন দেয়া হবে। ভ্যাকসিন গ্রহণের সময় স্বাস্থ্য কমপ্লেক্সের স্টাফবৃন্দ ও সেবিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণে ট্রাফিক পুলিশের আলোচনা সভা

মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশের উদ্যোগে স্বাস্থ্যবিধি মেনে গাড়ি চালানো, দূরপাল্লার বাস, ট্রাকের প্রতি নির্দেশনা, প্রতি গাড়িতে লগ বই রাখা, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ ও মাদক বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর বাস মালিক সমিতির কার্যালয়ে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর (২) সরদার বুলবুল আহমেদ, ট্রাফিক সার্জেন্ট পবিত্র বিশ্বাস, মোজাফফর হোসেন, জেলা ট্রাক মালিক, শ্রমিক, বাস মালিক, শ্রমিক মাইক্রোবাস শ্রমিকের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

লবনাক্ততা কমিয়ে পানির প্রবাহ

বাড়াচ্ছে গড়াই নদী প্রকল্প-প্রতিমন্ত্রী

‘লবনাক্ততা কমিয়ে পানির প্রবাহ বাড়াচ্ছে গড়াই নদী প্রকল্প। গড়াই নদীর স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে আনতে কাজ করছে আওয়ামী সরকার। প্রধানমন্ত্রীর নির্দেশনা হলো নদী শাসন করে জমি পুনরুদ্ধার করা। এখানে ড্রেজিং করে প্রায় ১৭ বর্গকিমি জমি পুনরুদ্ধার করা হয়েছে। যাতে ফসল করতে পারি, ফ্ল্যাড প্লেইন রাখতে পারি, শিল্পকারখানাসহ বিনোদন কেন্দ্র করতে পারি।’

গতকাল বৃহস্পতিবার (৪ ফেব্রুয়ারি) কুষ্টিয়া সদরের মহানগরটেকে চলমান ‘গড়াই নদী ড্রেজিং ও তীর সংরক্ষণ’ প্রকল্প পরিদর্শনকালে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী কর্নেল (অব.) জাহিদ ফারুক এসব কথা বলেন। এ সময় তিনি বৃক্ষরোপণ কার্মসূচির উদ্বোধন করেন।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেন, বাংলাদেশের কোথায় দুর্নীতি হয় না! এখন সব জায়গায় দুর্নীতি আছে। দুর্নীতি হলো এক ধরণের সামাজিক ব্যাধি। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতি কমাতে চেষ্টা করে যাচ্ছেন। প্রধানমন্ত্রী দুর্নীতির ব্যাপারে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছেন।

তিনি সাংবাদিকদের সমালোচনা করে বলেন, আপনারা যদি কাজ শুরুর আগেই সব জায়গায় দুর্নীতি খুঁজে বেড়ান তাহলে কি করে চলবে? আপনারা আমাদের সহযোগিতা করেন তাহলে আমার দুর্নীতি নির্মূল করতে পারব।

প্রতিমন্ত্রী আরও বলেন, সুনামগঞ্জে কাজ শুরু হতে বিলম্ব হয় পানি না কমার জন্য। পানি না কমলে পিআইসি কমিটি হয় না। দুর্নীতিমুক্ত কাজের মান নিশ্চিতকল্পে সরেজমিনে কাজ পরিদর্শন করতে আসি।

প্রসঙ্গত, ৪৫.২৫ কিমি ড্রেজিং এর লক্ষ্যে সরকারী অর্থায়নে চলমান প্রকল্পটির সমাপ্তকাল জুন-২০২২। নদীর উৎসমুখ হতে ১৩ কি:মি: পর্যন্ত চলা জরিপ মতে এখানে বছরে প্রায় ৭০ লাখ ঘনমিটার পলি জমে।

পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব ৭ টি ড্রেজার দ্বারা প্রতিদিন প্রায় ৬০ হাজার ঘনমিটার পলি/সিল্ট ড্রেজিং হচ্ছে। বাড়াচ্ছে নাব্যতা, বৃদ্ধি পাচ্ছে পানি প্রবাহ ও সুবিধা পাচ্ছে কৃষিব্যবস্থা।

এ সময় উপস্থিত ছিলেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) রোকন উদ দৌলা, পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক ড.মো. মিজানুর রহমান, প্রধান প্রকৌশলী (ফরিদপুর জোন) আব্দুল হেকিম, প্রধান প্রকৌশলী (ড্রেজার) আব্দুল ওয়াহাব, প্রকল্প পরিচালক মো. মনিরুজ্জামানসহ জেলা পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাবৃন্দ।

দামুড়হুদায় গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

দামুড়হুদা গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন শাখা বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

এ সময় তিনি বলেন, আমাদের ছেলেমেয়েকে মাদকমুক্ত করতে হলে এবং যুব সমাজকে ভালো রাখার জন্য পড়াশোনার পাশাপাশি খেলাধুলার একান্ত প্রয়োজন।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সঞ্চালনায় এ সময় দামুড়হুদা উপজেলা আওয়ামী যুব লীগের সাধারণ সম্পাদক মোঃ হযরত আলীসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।